



চাঁদাবাজির অভিযোগে ডিবি হেফাজতে নারায়ণগঞ্জের এমপির ছেলে



খায়রুল ইসলাম সজীব। ছবি: সংগৃহীত

চাঁদাবাজির অভিযোগের বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁও-সিদ্ধিরগঞ্জ) আসনের বিএনপির সংসদ সদস্য আজহারুল ইসলাম মান্নানের ছেলে খাইরুল ইসলাম সজীবকে আটক করেছে পুলিশ। তিনি জেলা যুবদলের জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক।

শনিবার (২০ জুন) দুপুরে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার একটি বাসা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের সহযোগিতায় তাকে আটক করা হয়।

পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) তারেক আল মেহেদী জানান, পরে তাকে নারায়ণগঞ্জ জেলা পুলিশ সুপারের কার্যালয়ে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। বিকাল পর্যন্ত সেখানে তাকে প্রাথমিকভাবে প্রশ্নোত্তর করা হয়।

তিনি বলেন, সজীবের বিরুদ্ধে চাঁদাবাজিসহ একাধিক অভিযোগ রয়েছে। অভিযোগের ভিত্তিতে তাকে বসুন্ধরা থেকে হেফাজতে নেওয়া হয় এবং জেলা পুলিশ সুপারের কার্যালয়ে আনা হয়।

এক ঘণ্টারও বেশি সময় জিজ্ঞাসাবাদের পর পরবর্তী সিদ্ধান্তের জন্য তাকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে হস্তান্তর করা হয়। পরে তাকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়।

তবে অভিযোগের বিস্তারিত বিষয়ে পুলিশ কর্মকর্তারা তাৎক্ষণিকভাবে কিছু জানাতে পারেননি। তারা জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে এবং বিষয়টি তদন্তধীন।

পুলিশ সদর দপ্তর থেকে পাঠানো এক বার্তায় জানানো হয়, অধিকতর জিজ্ঞাসাবাদের জন্য সজীবকে ডিএমপির ডিবি কার্যালয়ে নেওয়া হয়েছে।